

বিএসএমএমইউতে ভাসকুলার সার্জারি বিষয়ক আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত

রক্তনালীর রোগ নির্ণয়ের অভাবে মারা যাচ্ছে অনেক রোগী

সঠিক সময়ে রক্তনালীর রোগ নির্ণয় না হওয়ায় যথাযথ চিকিৎসার অভাবে মারা যাচ্ছে অনেক রোগী। এজন্য প্রয়োজন ব্যাপক জনসচেতনতা বৃদ্ধি। আজ মঙ্গলবার ২ জানুয়ারি ২০১৮, সকাল ১১টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ)-এর শহীদ ডা. মিলন হলে ভাসকুলার সার্জারি বিষয়ক (Abdominal Aortic Aneurysm-AAA & Venous Thrombo Embolism (VTE) এবডোমিনাল এ্যাওরটিক এ্যানেউরিজম (এএএ) এ্যাণ্ড ভেনাস থ্রোম্ব এম্বোলিস (ভিটিই)) একটি আন্তর্জাতিক সেমিনারে বক্তারা এ কথা বলেন। গুরুত্বপূর্ণ ওই সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। এ বিশ্ববিদ্যালয়ের ভাসকুলার সার্জারি বিভাগের উদ্যোগে ওই বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ মাহবুবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল। সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন। সেমিনারে গুরুত্বপূর্ণ প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অফ পিটসবার্গ (Pittsburgh)-এর ভাসকুলার এন্ড এন্ডোভাসকুলার ডিভিশনের প্রধান ডা. নজরুল ইসলাম, যুক্তরাষ্ট্রের পালমোনারি এন্ড ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন বিষয়ক বিশেষজ্ঞ সহযোগী অধ্যাপক ডা. রুমি আহমেদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সহকারী অধ্যাপক ডা. রকিবুল হাসান। ধন্যবাদ জ্ঞাপন করেন সহকারী অধ্যাপক ডা. সাইফ উল্লাহ খান।

প্রধান অতিথির বক্তব্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেন, রক্তনালীর রোগ বিষয়ে যথাযথ সচেতনতার অভাব রয়েছে। রক্তনালীর রোগ নির্ণয়ের অভাবে রোগীও মারা যাচ্ছে। এবডোমিনাল এ্যাওরটিক এ্যানেউরিজম (এএএ) এ্যাণ্ড ভেনাস থ্রোম্ব এম্বোলিস (ভিটিই) বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। রক্তনালীর রোগসমূহের সর্বাধুনিক চিকিৎসা পদ্ধতি চালুর বিষয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসনের পক্ষ থেকে সব ধরনের সহায়তা করা হবে।

সেমিনারে ভাসকুলার সার্জারি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ মাহবুবুর রহমান জানান, এবডোমিনাল এ্যাওরটিক এ্যানেউরিজম (এএএ) হলো তলপেটের প্রধান রক্তনালী রক্তচাপের কারণে বেলুনের মতো ফুলে ফেটে রোগী মারা যায়। তবে অস্ত্রোপচার ছাড়াই এরোগের সর্বাধুনিক চিকিৎসাপদ্ধতি আবিষ্কৃত হয়েছে। বাংলাদেশে এখনো এ পদ্ধতি চালু হয়নি। বাংলাদেশে এ পদ্ধতি চালু হলে অনেক রোগীকেই বাঁচানো সম্ভব হবে। অন্যদিকে ভেনাস থ্রোম্ব এম্বোলিস (ভিটিই) রোগটি পায়ের রক্তনালীতে দেখা যায়। রক্তনালীর ভেতরে রক্ত জমাট বাঁধার কারণে পা ফুলে যায় এবং জমাট বাঁধা রক্ত ফুসফুসে গিয়ে জমা হয়ে ফুসফুসের কার্যকারিতা নষ্ট করে দেয় এবং রোগী মারা যায়। যথাযথ চিকিৎসার মাধ্যমেই এ ধরনের রোগীদের অকাল মৃত্যুর হাত থেকে রক্ষা করা সম্ভব। এক্ষেত্রে উপরোক্ত বিষয়ক আন্তর্জাতিক সেমিনারটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।